



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৮.০০৩.২১-২২৬৩৪৭৭-

তারিখ : ২৩/১১/২০২১খ্রি.

বিষয়: 'নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি'র (২০২১ সালের ১ম সভা) সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০০৩.১৬-৪১৮, তারিখ: ৩১/১০/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত 'নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি'র (২০২১ সালের ১ম সভা) সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

ক্রম	সিদ্ধান্ত
১.	শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে কেউ যেন বিশৃঙ্খলা তৈরি করতে না পারে সে বিষয়ে গোয়েন্দা নজরদারি এবং প্রয়োজনে কঠোর ব্যবস্থা নিতে হবে।
২.	সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ প্রচার করা হচ্ছে কিনা সে বিষয়ে তথ্য সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট মহলকে অবহিতকরণ করতে হবে।

বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে বিশেষ কমিটি গঠন করে এর অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের বিশ তারিখের মধ্যে স্ব-স্ব আঞ্চলিক পরিচালক/উপপরিচালকের কার্যালয়ে সফটকপিসহ (ই-মেইল এ Word Document Nikosh ফন্টে) এবং আঞ্চলিক পরিচালক/উপপরিচালকগণ প্রাপ্ত প্রতিবেদন প্রতিমাসের পঁচিশ তারিখের মধ্যে পরিচালক (মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।

এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্টদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ৯৫৬৩৪৩৯

- (১) পরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশান)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- (২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- (৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)/সরকারি টি.টি কলেজ(সকল);
- ০৪। উপসচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৫। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ০৬। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
- ০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল);
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৯। সংরক্ষণ নথি।